

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
 ১৩, শহীদ ক্যাটেন মনসুর আলী সরণী
 মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

পত্র নং:-৩৩.০২.০০০০.৯২৭.১৫.০০২.১৯-০৪

তারিখ:- ০৫/০১/২০২০

বিষয়: উপকূলীয় মৎস্য সম্পদ ধ্বংসকারী বেহন্দি ও অন্যান্য অবৈধ জাল নির্মূলকরণ সংক্রান্ত “সম্মিলিত বিশেষ অভিযান-২০২০” এর বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এসআরও নং ৯৩-আইন/২০১৩; তারিখঃ ০৭ এপ্রিল ২০১৩স্থিতি মোতাবেক The Protection and Conservation of Fish Act 1950 (E.B. Act No. XVIII of 1950) এর Section-3 এর sub Section (3) এর clause (iii), Protection and Conservation of Fish Rules, 1985 এর Rule-12-এ প্রদত্ত ক্ষমতাবলে যে কোন আকার, প্রকার, ধরণ, ফার্স বা মেশ সাইজ (Mesh Size) এর উপকূলীয় বেহন্দি জাল (Fixed Net) দেশের সকল স্বাদু বা মিঠা পানির জলাশয়ে এবং সর্বোচ্চ জোয়ারের ১০(দশ) মিটার গভীরতা পর্যন্ত উপকূলীয় জলসীমায় ব্যবহার সারা বছরের জন্য নিষিদ্ধ করা হয়েছে। মৎস্য সম্পদ ধ্বংসকারী বেহন্দি ও অন্যান্য অবৈধ জাল নির্মূলকরণের লক্ষ্যে বিগত ২০১৬ সাল থেকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে জাটকাসহ অন্যান্য সামুদ্রিক প্রজাতির মাছের ডিম, লাড়ী ও পোনা রক্ষায় “সম্মিলিত বিশেষ অভিযান” পরিচালিত হয়ে আসছে। উল্লেখ্য যে, এই অভিযান বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে বিগত ২৪/১২/২০১৯স্থি। তারিখে সিনিয়র সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ে এক সভা অনুষ্ঠিত হয়।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত মোতাবেক ২ ধাপে (১ম ধাপ - ৭ জানুয়ারি হতে ১৩ জানুয়ারি এবং ২য় ধাপ - ২১ জানুয়ারি হতে ২৮ জানুয়ারি) উপকূলীয় মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ জাল যেমন-বেহন্দি জাল, কারেন্ট জাল ইত্যাদি নির্মূলকরণের লক্ষ্যে আগন্তর এলাকায় “সম্মিলিত বিশেষ অভিযান” পরিচালিত হবে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নেতৃত্বে মৎস্য অধিদপ্তরের উদ্যোগে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন, বাংলাদেশ নৌবাহিনী, কোস্টগার্ড, পুলিশ, র্যাব ও নৌপুলিশ যৌথভাবে এই অভিযান পরিচালনা করবে। “সম্মিলিত বিশেষ অভিযান” এর সার্বিক তথ্য ও উপাত্ত সংগ্রহ এবং মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বরাবর রিপোর্ট করার লক্ষ্যে নিয়ন্ত্রণ কক্ষ (কক্ষ নং-৫০৯) খোলা হয়েছে।

এতদসংক্রান্ত অভিযান পরিচালনার জন্য জেলা ও উপজেলার দৈনিক প্রতিবেদন ও অভিযান সংক্রান্ত তথ্যাদি সংযুক্ত ছকে নিম্নবর্ণিত ই-মেইল এবং টেলিফান নম্বরে সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

ই-মেইল : hilshadof@gmail.com

টেলিফান নম্বর: ০২-৯৫১৩৮৫৮

০২-৯৫১৩৮৫৭

নিয়ন্ত্রণ কক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের তালিকা:

ক্র:নং:	নাম ও পদবী	আহবায়ক/সদস্য	মোবাইল নম্বর
১.	জনাব মাসুদ আরা মিমি, উপপ্রধান, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	আহবায়ক	০১৭১১১৩৬৮৪৫
২.	জনাব মোঃ মাহবুব উল হক, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য	০১৭১৪৮৭৩৪৯৭
৩.	জনাব জিনাত জাহান বর্ণালী, উপজেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা	সদস্য	০১৭৬৪৭৪০৪৩৩

সংযুক্ত:- বর্ণনামতে।

বিষয়ঃ
 ০৫/০১/২০২০
 (কাজী শামস আফরোজ)

মহাপরিচালক (চ.দা.)

ফোন: ০২-৯৫৬২৮৬১

ই-মেইল: dg@fisheries.gov.bd

মু

জেলা মৎস্য কর্মকর্তা

বরিশাল/ ভোলা/ বরগুনা/ পটুয়াখালী/নোয়াখালী/
বাগেরহাট/ খুলনা/ সাতক্ষীরা/ চট্টগ্রাম/কক্সবাজার/মুন্সিগঞ্জ/চাঁদপুর/পিরোজপুর।

অনুলিপি বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/ বিভাগ, ঢাকা/ বরিশাল বিভাগ, বরিশাল/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, বরিশাল/ভোলা/বরগুনা/পটুয়াখালী/ নোয়াখালী/ বাগেরহাট/খুলনা/সাতক্ষীরা/
চট্টগ্রাম/কক্সবাজার/মুন্সিগঞ্জ/চাঁদপুর/পিরোজপুর।।
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা,
৬. সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা,.....।
৭. সংশ্লিষ্ট নথি।

ପ୍ରକଳ୍ପରେ ଯତ୍ନମୁଖ୍ୟ ହେଲାମୁଖ୍ୟ ଏବଂ ଅନ୍ୟାନ୍ୟ ପରିପାଳନା କରିବାକୁ ପାଇଁ ଏହାରେ ପରିପାଳନା କରିବାକୁ ପାଇଁ ଏହାରେ ପରିପାଳନା କରିବାକୁ ପାଇଁ

ମେଳାଦା: ୧୯ ଧାପ- ୨ ଜାଗାରୁ ହତେ ୧୯ ଜାଗାରୁ
କୁଣ୍ଡଳ ପାଇଁ କାହାରୁ ହତେ ୨୫ ଜାଗାରୁ
କୁଣ୍ଡଳ ପାଇଁ - ସେ ଧାପ - ୨୫ କାହାରୁ

०

উপর্যুক্ত মৎস্য সম্পদ ধর্মসকারী বেছন্দি ও অম্যান্ত অবেধ জাল নির্মাণকরণ সংক্রান্ত “সমিলিত বিশেষ অভিযান-২০২০” এর জেলাতিক প্রতিবেদন

ନେମ୍ବାଦ: ୧୯ ଧାପ - ୧ ଜାନୁଆରି ହତେ ୧୦ ଜାନୁଆରି
୨ୟ ଧାପ - ୨୫ ଜାନୁଆରି ହତେ ୨୫ ଜାନୁଆରି

ବିଭାଗ